



নোয়াখালী-২ আসনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত সাংসদ মোরশেদ আলমকে অভিনন্দন জানাতে গতকাল সেনবাগ উপজেলার কানকিরহাট বালিকা উচ্চবিদ্যালয়ের শিক্ষার্থীদের এভাবে সড়কের পাশে দাঁড় করিয়ে রাখা হয়। ছবিটি বেলা সাড়ে ১১টার দিকে তোলা। ● প্রথম আলো



মাগুরা-২ আসনের সাংসদ যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী বীরেন শিকদার গতকাল তাঁর সংবর্ধনায় যোগ দিতে শালিখার বিহারী লাল মহাবিদ্যালয়ে যান। তাঁকে স্বাগত জানাতে রাস্তার দুপাশে স্কুল-কলেজের শিক্ষার্থীদের দীর্ঘ সময় দাঁড় করিয়ে রাখা হয়। সকাল সাড়ে ১০টায় তোলা ছবি। ● প্রথম আলো

## সাংসদকে স্বাগত জানাতে স্কুলশিক্ষার্থীরা রাস্তায়!

নোয়াখালী অফিস ●

দশম জাতীয় সংসদ নির্বাচনে নোয়াখালী-২ (সেনবাগ) ও সোনাইমুড়ী আংশিক) আসনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত আওয়ামী লীগ-দলীয় সাংসদ মোরশেদ আলমকে গতকাল বুধবার সেনবাগ উপজেলা চত্বরে সংবর্ধনা জানানো হয়েছে। এর আগে পথে তাঁকে স্বাগত জানাতে উপজেলার কানকিরহাট বালিকা ও কানকিরহাট মহামুন্সী উচ্চবিদ্যালয়ের কয়েকশ শিক্ষার্থীকে প্রায় তিন ঘণ্টা রাস্তায় দাঁড় করিয়ে রাখা হয় বলে অভিযোগ পাওয়া গেছে।

অথচ, কোনো অভিধিকে অভ্যর্থনা জানাতে বিদ্যালয়ের শিক্ষার্থীদের রাস্তার পাশে দাঁড় না করানোর বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা আছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, দুপুর সাড়ে ১২টার দিকে সাংসদ মোরশেদ আলম তাঁর গ্রামের বাড়ি সোনাইমুড়ী উপজেলার নাটেশ্বর থেকে সেনবাগ উপজেলা সদরে তাঁর সম্মানে আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে যান।

পথে তাঁকে স্বাগত জানাতে সকাল নয়টা থেকে ওই শিক্ষার্থীরা বিদ্যালয়-সংলগ্ন রাস্তায় অপেক্ষা করে।

বেলা সাড়ে ১১টার দিকে কানকিরহাট বালিকা উচ্চবিদ্যালয়ের সামনের সারিতে দাঁড়ানো কয়েকজন ছাত্রী প্রথম আলমকে বলে, সকাল নয়টার দিকে তাদের রাস্তার দুই ধারে দাঁড় করিয়ে

দেন শিকদার।

বালিকা বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো. ইদ্রিস মিয়া বলেন, সরকারি নির্দেশনা সম্পর্কে তাঁর জানা নেই। ব্যবস্থাপনা কমিটির সভাপতির অনুরোধে শিক্ষার্থীদের কিছু সময়ের জন্য রাস্তায় দাঁড় করানো হয়। তবে এতে পাঠদানের কোনো ক্ষতি হয়নি বলেও দাবি করেন তিনি।

ব্যবস্থাপনা কমিটির সভাপতি ও ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আবু বক্কর ছিদ্দিক মুঠোফোনে বলেন, বিদ্যালয়টি দীর্ঘদিন ধরে অবহেলিত। তাই নবনির্বাচিত সাংসদের দৃষ্টি আকর্ষণ করতে কিছু সময়ের জন্য ছাত্রীদের রাস্তায় দাঁড় করানো হয়।

মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আবদুর রহিম বলেন, শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করিয়ে রাখার বিষয়টি তিনি জানতেন না। প্রধান শিক্ষকের কাছে এ বিষয়ে জানতে চাইবেন বলেও বলে উল্লেখ করেন তিনি।

উপজেলা আওয়ামী লীগের পক্ষ থেকে সাংসদ মোরশেদ আলমকে সংবর্ধনা দেওয়া হয়।

উপজেলা আওয়ামী লীগের সভাপতি জাফর আহম্মদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানটি পরিচালনা করেন সাধারণ সম্পাদক ও পৌর মেয়র আবু জাফর। এতে বক্তৃতা করেন জেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি এ এইচ এম বায়রুল আনম, জেলা পরিষদের প্রশাসক এ বি এম জাফর উল্লাহ প্রমুখ।

## প্রতিমন্ত্রীর সংবর্ধনা শীতে রাস্তায় শিক্ষার্থীরা

কবির ঘোষন, মাগুরা ●

মাঘের হাড়কাপানো শীতের সকাল। সূর্যের দেখা নেই। এরই মধ্যে খোলা যায়গায় সড়কের ওপর দাঁড় করিয়ে রাখা হয়। প্রাথমিক বিদ্যালয়ের শিশুসহ স্কুল-কলেজ-মাদ্রাসার কয়েকশ শিক্ষার্থীকে। তাদের হাতে ছিল ফুলের পাপড়ি ও মালা।

মাগুরা-২ আসনের সাংসদ যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী বীরেন শিকদারকে সংবর্ধনা জানাতেই গতকাল বুধবার সকালে স্কুল-কলেজ ও মাদ্রাসার শিক্ষার্থীদের শীতের মধ্যে এভাবে দাঁড় করিয়ে রাখা হয় শালিখা উপজেলার আড়পাড়া থেকে সিংড়া পর্যন্ত প্রায় ১০ কিলোমিটার সড়কে। এই সড়ক দিয়ে সিংড়ায় প্রতিমন্ত্রী তাঁর বাবার নামে প্রতিষ্ঠিত বিহারী লাল ডিগ্রি কলেজের সংবর্ধনা অনুষ্ঠানে যান।

মাগুরা জেলা শিক্ষা কর্মকর্তা পরিমল চন্দ্র মওল প্রথম আলমকে বলেন, সংবর্ধনার জন্য রাস্তার পাশে শিক্ষার্থীদের দাঁড় করিয়ে রাখার ব্যাপারে সরকারি নিষেধাজ্ঞা রয়েছে। এটা দণ্ডনীয় অপরাধ। তবে যার জন্য শিক্ষার্থীদের রাস্তার পাশে দাঁড় করানো হবে, সে বিষয়ে তিনি আগে থেকে সচেতন হলে ভালো হয়।

সরকারি ও স্থানীয় স্তরে জানা গেছে, প্রতিমন্ত্রী মাগুরা শহর থেকে শালিখা উপজেলা সদর আড়পাড়ায় পৌছান দুপুর ১২টার দিকে। এর আগে সকাল ১০টা থেকেই আড়পাড়া-সিংড়া সড়কের দুপাশে শিক্ষার্থীদের দাঁড় করিয়ে দেওয়া হয়। প্রতিমন্ত্রীকে সড়কের প্রবেশপথে

প্রথমে স্বাগত জানায় আড়পাড়া আইডিয়াল হাইস্কুল ও আড়পাড়া বালিকা বিদ্যালয়ের শিক্ষার্থীরা। এরপর পথে উপজেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ফুলে ততোচ্ছা নিতে নিতে বেলা দেড়টায় সিংড়ায় সংবর্ধনা অনুষ্ঠানে পৌছান প্রতিমন্ত্রী।

ফুল হাতে দাঁড়িয়ে থাকার কারণ জানতে চাইলে ডুলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণীর ছাত্র মো. পাপন বলে, মন্ত্রী এই রাস্তা দিয়ে যাবে, তাই সারেরা এখানে দিয়ে এসেছে। সকাল ১০টার দিকে এসেছি। বুধই শীত। ডুলবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বিত্তীয় শ্রেণীর ছাত্র সিমন বলে, আমি কিছু জানি না।

আড়পাড়া আইডিয়াল হাইস্কুলের প্রধান শিক্ষক এ কে এম বায়রুলজামান বলেন, আড়পাড়া থেকে সিংড়ায় পর্যন্ত রাস্তার আগপাশের সব স্কুলের শিক্ষার্থীরাই প্রতিমন্ত্রীকে স্বাগত জানাতে রাস্তার পাশে ছিল। তিনি দাবি করেন, কারও নির্দেশে এটা করা হয়নি।

ধনেশ্বরগাতি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রঞ্জিত বিশ্বাসের সভাপতিত্বে সংবর্ধনা অনুষ্ঠানে প্রতিমন্ত্রীকে সোনার অংটিসহ নানা উপহার দেওয়া হয়। ধনেশ্বরগাতি ইউনিয়ন আওয়ামী লীগ, ধনেশ্বরগাতি ইউনিয়ন পরিষদ (ইউপি), বিহারী লাল ডিগ্রি কলেজ, সিংড়া তিলখাড়া মাধ্যমিক বিদ্যালয় ও সিংড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের উদ্যোগে ওই সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।